

জেএসসি পরীক্ষার্থীর বিয়ে বন্ধ করল শিক্ষার্থীরা

■ নেত্রকোনা প্রতিনিধি

জেলার বারহাটা উপজেলার সিংধা ইউনিয়নে জেএসসি পরীক্ষার্থীর (১৪) বাল্যবিয়ে বন্ধ করে দিয়েছে একদল কিশোর-কিশোরী। মেয়েটি পাশের উপজেলা মোহনগঞ্জের একটি মাধ্যমিক বিদ্যালয় থেকে এ বছর জেএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। ওই শিক্ষার্থীরাও একই বিদ্যালয়ে লেখাপড়া করে ও বেসরকারি সংস্থা নারী প্রগতি সংঘের ইয়ুথ গ্রুপের সদস্য। বৃধবার সন্ধ্যায় ছাত্রীটির বিয়ে হওয়ার কথা ছিল। বর ছিল একই এলাকার ২৫ বছরের এক যুবক।

এলাকাবাসী সূত্রে জানা গেছে, বৃধবার সন্ধ্যায় বারহাটা সিংধা ইউনিয়নে গোপনে ৫ময়েটির বিয়ের আয়োজন করে তার পরিবার। বিষয়টি বিকেলে আশপাশের গ্রামের কয়েকজন কিশোর-কিশোরী টের পায়। পরে তারা বিষয়টি এলাকার

অন্য শিক্ষার্থীদের জানায়। মেয়ের পরিবারের সদস্যদের বোঝানোর চেষ্টা করে তারা। মেয়ে পক্ষ বিয়ে বন্ধ করতে রাজি হয়নি। পরে পার্শ্ববর্তী মোহনগঞ্জ উপজেলার বড়খাসিয়া বিরামপুর ইউপি চেয়ারম্যান মোতাহার হোসেনকে

বারহাটা

জানায় শিক্ষার্থীরা। চেয়ারম্যান বিষয়টি বারহাটা থানা পুলিশকে জানালে ওইদিন সন্ধ্যায় পুলিশ বিয়েবাড়িতে যায় এবং মেয়ের পরিবারকে বঝিয়ে বিয়েটি বন্ধ করে। এতে করে ওই শিক্ষার্থী বাল্যবিয়ের হাত থেকে রক্ষা পায়। বারহাটা থানার অফিসার ইনচার্জ (ওসি) মেজবাহ উদ্দিন আহমেদ বলেন, প্রাপ্ত বয়স্ক না হওয়া পর্যন্ত মেয়ের বিয়ে দেবে না বলে তার বাবা-মার কাছ থেকে মুচলেকা নেওয়া হয়েছে। বাল্যবিয়ের কুফল সম্পর্কে তাদের বুঝানো হয়েছে।